শ্রীশ্রীঈশ্বরো

জয়তি।

একাদশীর উপবাসের তত্ত্ব।

ভাটপাড়া নিবাসী

শ্রীযুক্ত রামদয়াল তর্করত্ন

বিরচিত হইয়া

শ্রীরাধাবল্লভ শীলের অনুমত্যনুসারে

কলিকাতা

শীল এণ্ড ব্রাদার্স যন্ত্রে মুদ্রিত।

আহীরীটোলা ৯৬ নং বাটী।

১২৬৯।

সূচীপত্র।

একাদশীর উপবাসের তত্ত্ব।

প্রথমতঃ অধিকারী নির্ণয়।

একাদশীর উপবাস হিন্দুজাতি মাত্রের অধি-
কার, বয়ঃক্রম আট বৎসরের পরে আশী বৎসর
প্রাপ্তি পর্য্যন্ত নিত্যাধিকার। বয়ঃক্রম আট বৎস-
রের মধ্যে এবং আশী বৎসরের পরে কাম্যাধিকার।
বিধবার নিত্যাধিকার তাঁহাতে বয়ঃক্রম নিয়ম নাই।
সধবা স্ত্রীলোকের স্বামির অনুমতি থাকিলে একা-
দশীর উপবাসে কাম্যাধিকার। স্বামির অনুমতি না
থাকিলে সধবা স্ত্রীলোকের একাদশীর উপবাসে
অধিকার নাই। একাদশীর উপবাসে যে ব্যক্তির
নিত্যাধিকার, সে ব্যক্তি উপবাস না করিলে পাপ
হইবে। যে ব্যক্তির কাম্যাধিকার সে ব্যক্তি উপবাস
করিলে পুণ্য বিশেষ হইবে।

একাদশীর উপবাসের তত্ত্ব।

গৃহস্থ, ব্রহ্মচারী, দণ্ডী, এবং পরমহংস এই চা
শ্রমী, সকল আশ্রমির একাদশীর উ
কার আছে। পুত্রবৎ, গৃহস্থের কৃষ্ণপক্ষে
র উপবাসে অধিকার নাই, কিঞ্চিৎ জ
গ্রহণ মাত্র করিবে, ইচ্ছামত ভোজন কর
বিশয়নের মধ্যে সকল কৃষ্ণপক্ষের এক
ত্রবৎ গৃহস্থের উপবাসে অধিকার আছে

একাদশীর উপবাসের ব্যবস্থা।
অধিকারী নির্ণয়।

পুত্রবৎ-গৃহস্থের সকল কৃষ্ণপক্ষের . একাদ
বাসে অধিকার আছে, অর্থাৎ পুত্রবৎ
স্থের কৃষ্ণপক্ষের কোন একাদশীতে উপ
র নাই। ব্রহ্মচারী দুই প্রকার, যে ব্যক্তি
পরে কিছুকাল ব্রহ্মচারী থাকিয়া গৃহ
হাকে উপকুর্ব্বাণ-ব্রহ্মচারী আশ্রমে
ব্যক্তি উপনয়নাবধি যাবজ্জীবন ব্রহ্মচা
স ব্যক্তি নৈষ্ঠিক ব্রহ্মচারী।

একাদশীতে গৃহস্থের যেরূপ ব্যবস্থা হইবে
তে উপকুর্ব্বাণ-ব্রহ্মচারির সেইরূপ ব্য
, অর্থাৎ উপকুর্ব্বাণ-ব্রহ্মচারির গৃ

পরিমাণ কালকে পোনেরো ভাগ করিয়া তাহার একভাগ কাল দিবসের মুহূর্ত্তকাল হয়। এবং রাত্রি-কালের পরিমাণ যাহা হইবে সেই পরিমাণ কালকে পোনেরো ভাগ করিয়া তাহার একভাগ কাল রাত্রি-কালের মুহূর্ত্তকাল হয়।

একাদশীর উপবাসের পারণ দিবসে দ্বাদশী থাকিলে সেইদ্বাদশীর মধ্যে পারণ না করিলে মহা-হানিকর দোষ হয়. পারণ দিবসে অল্পকাল দ্বাদশী থাকিলে উপবাসের দিবসে রাত্রি চারিদণ্ড থাকিতে সন্ধ্যা বন্দনাদি নিত্যকর্ম্ম সমাপনকরিয়া পর-দিবসে দ্বাদশীর মধ্যে পারণ করিবে। উপবাসের দিবসে রাত্রিশেষে নিত্যকর্ম্ম সমাপন করিতে অপারক হইলে দ্বাদশীর মধ্যে কিঞ্চিৎ জলদ্বারা পারণ করিয়া পরে নিত্যকর্ম্ম করিবে। আচমনের জলের ন্যায় জলদ্বারা পারণ করিলে পরে বিহিত কর্ম্ম ক-রিতে পারিবে অর্থাৎ জলদ্বারা পারণ করাতে ভক্ষণ জন্য দোষ হইবে না।

সূর্য্যোদয়ের পূর্ব্বে দুই মুহূর্ত্তের ন্যূনকাল পাই-য়া একাদশী পরে যদি এক দিবস মাত্র প্রাপ্তা হয় এ স্থলে সূর্য্যোদয়ের পূর্ব্বের একাদশী পরিত্যাগ করিয়া পর দিবসের একাদশীতে উপবাস করিবে তৎ-পরদিবসে দ্বাদশীর [illegible] হইলে

রম্ভ করিবে, অর্থাৎ দ্বাদশীর পরিমাণ যাহা হই-
সেই পরিমাণকে চারিভাগ করিয়া তাহার প্রথম
গ অতীত হইলে পারণ করিবে।

সূর্য্যোদয়ের পূর্ব্বে দুই মুহূর্ত্তের ন্যূনকাল পাই-
পরে যদি একাদশী দুই দিবস প্রাপ্ত হয় এবং
দশী দুই দিবস প্রাপ্ত হয়। পর-দিবসে একাদ-
তে উপবাস করিবে তৎ-পরদিবসে দ্বাদশী মধ্যে
রণ করিবে।

সূর্য্যোদয়ের পূর্ব্বে একাদশী দুই মুহূর্ত্তের ন্যূন-
ল পাইয়া পরে যদি একাদশী দুই দিবস প্রাপ্ত
দ্বাদশী এক দিবস মাত্র প্রাপ্ত হয়। পূর্ব্ব দিব-
র একাদশীতে উপবাস করিয়া তৎ-পর দিবসে
শীর প্রথম পাদ অতীত হইলে পারণ করিবে।
ন্তু বৈষ্ণবের বিশেষ ব্যবস্থা এই যে শুক্লপক্ষে
দিবসের একাদশীতে উপবাস করিয়া, তৎ-পর
সে ত্রয়োদশীতে পারণ করিবে। কৃষ্ণপক্ষে
-দিবসের একাদশীতে উপবাস করিবে না, পূর্ব্ব
বসের একাদশীতে উপবাস করিবে।

সূর্য্যোদয়কালে একাদশী হইয়া যদি এক দিবস
ত্র প্রাপ্ত হয় ঐ একাদশী দিবসে উপবাস করিয়া
াহার পর-দিবসে দ্বাদশীর প্রথম পাদ অতীত

সূর্য্যোদয়কালে একাদশী হইয়া যদি দুই দিবস প্রাপ্তা হয় এবং দ্বাদশী দুই দিবস প্রাপ্তা হয় পর-দিবসের একাদশীতে উপবাস করিয়া তাহার পর-দিবসে দ্বাদশীর মধ্যে পারণ করিবে।

সূর্য্যোদয়কালে একাদশী হইয়া যদি দুই দিবস প্রাপ্তা হয়, দ্বাদশী দুইদিবস প্রাপ্তা না হয়, পূর্ব্ব দিবসের একাদশীতে উপবাস করিয়া তাহার পর-দিবসে দ্বাদশীর প্রথম পাদ অতীত হইলে পারণ করিবে। এস্থলে বৈষ্ণবের বিশেষ এই যে শুক্লপক্ষে পর-দিবসের একাদশীতে উপবাস করিয়া তৎপর-দিবসে ত্রয়োদশীতে পারণ করিবে।

সূর্য্যোদয়ের পরে একাদশী হইয়া যদি এক দিবসমাত্র প্রাপ্তা হয় ঐ একাদশীর পর-দিবসে দ্বাদশীতে উপবাস করিবে। পারণ দিবসে দ্বাদশী থাকিলে দ্বাদশীর মধ্যে পারণ করিবে, পারণ দিবসে দ্বাদশী না থাকিলে ত্রয়োদশীতে পারণ করিবে।

সূর্য্যোদয়ের পরে একাদশী হইয়া যদি দুই দিবস প্রাপ্তা হয় পর-দিবসের একাদশীতে উপবাস করিবে, পারণ দিবসে দ্বাদশী থাকিলে দ্বাদশীর মধ্যে পারণ করিবে, দ্বাদশী না থাকিলে ত্রয়ো

ভোজন অর্থাৎ ভাত ভিন্ন ভোজন। ২। রাত্রিকালে ফলমাত্র ভোজন।৩। রাত্রিকালে তিলমাত্র ভোজন। কিম্বা রাত্রিকালে দুগ্ধ মাত্র পান। ৫। অথবা রাত্রিকালে জলমাত্র পান।৬। কিম্বা রাত্রিকালে ঘৃত মা[illegible] ভোজন।৭। অথবা রাত্রিকালে পঞ্চগব্যমাত্র ভক্ষণ। অথবা রাত্রিকালে বায়ু মাত্র ভক্ষণ। অর্থাৎ উত্ত দুগ্ধের বাষ্প মাত্র ভক্ষণ করিবে।৯। এই নয় প্রকার অনুকল্পের প্রথম কল্প অপেক্ষা দ্বিতীয় কল্প শ্রেষ্ঠ অর্থাৎ রাত্রিকালে হবিষ্য ভোজন অপেক্ষা [illegible]কালে অন্ন ভিন্ন ভোজন শ্রেষ্ঠ এবং এই নয় প্রকার অনুকল্পের দ্বিতীয় কল্প অপেক্ষা তৃতীয় কল্প শ্রেষ্ঠ এই প্রকার উত্তরোত্তর কল্প শ্রেষ্ঠ।

অনুকল্প করিলে উপবাসের পারণের ম[illegible] পারণের সকল নিয়ম করিতে হইবে।

একাদশীর উপবাসের পূর্ব্বদিবসের কর্ত্তব্য ব্যবস্থা।

উপবাসের পূর্ব্বদিবসে একবার মাত্র ভোজন করিবে অর্থাৎ দুইবার ভোজন নিষেধ। শাক, মাংস, মসূর, ছোলা, কোদ্ধান্যের তণ্ডুল এবং পরা[illegible] ভোজন করিবে না। দ্যূতক্রীড়া, অতিশয় জলপান আর স্ত্রীসঙ্গ করিবে না। [illegible]

উপবাসের পূর্ব্ব দিবসের সকল নিয়ম অনুকল্পের পূর্ব্ব দিবসেও করিতে হইবে।

উপবাস দিবসের কর্ত্তব্যাদি ব্যবস্থা।

উপবাস দিবসে প্রাতঃকৃত্যাদি করিয়া উপবাসের সঙ্কল্প করিবে। পশ্চাৎ কিঞ্চিৎ জলের উপরি ওঁ নমো নারায়ণায় এইমন্ত্র আটবার জপ করিয়া সেইজল কিঞ্চিৎ পান করিবে, শূদ্রজাতি এবং স্ত্রীলোক ব্রাহ্মণ দ্বারা উক্ত মন্ত্র পাঠ করাইয়া মন্ত্রপূত জলপান করিবে। আচমনের জল পানের ন্যায় কিঞ্চিৎ জলপান করিলে উপবাসের হানি হইবে না॥

ইদং ব্রতং ময়াদেব গৃহীতং পুরতস্তব।
নির্ব্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতু তত্ত্বং প্রসাদাজ্জনার্দ্দন॥

এইমন্ত্র পাঠ করিয়া বিষ্ণুর উদ্দেশে নির্ব্বিঘ্নে উপবাস ব্রত সমাপন হওয়া প্রার্থনা করিবে।

উপবাস দিবসে দন্তকাষ্ঠ দ্বারা দন্তধাবন করিবে না। এবং শোভার্থ গন্ধাদি লেপন করিবে না [illegible] করিবে না। পুষ্প ধারণ

একাদশীর উপবাসের তত্ত্ব।

ণ অঞ্জন ধারণ করিবে না স্ত্রীসঙ্গ

।

স দিবসের সকল নিয়ম অনুকল্প

দিবসেও করিতে হইবে।

পারণ দিবসের কর্ত্তব্যাদি ব্যবস্থা।

ণ দিবসে প্রাতঃস্নান করিয়া অসমর্থ হই-

ন স্নানাদি করিয়া নিত্যকর্ম্ম সমাপনানন্তর

। করিবে। বিষ্ণু পূজার পরে।

জ্ঞান তিমিরান্ধস্য ব্রতেনানেন কেশব। প্রসীদ

দুঃখোনাশ জ্ঞানদৃষ্টিপ্রদোভব। কৃষ্ণকৃষ্ণকৃপা-

ত্বাস্থ সতীনাংগতিভব সংসারার্ণবমগ্নানাং

সীদ মধুসূদন॥

ই দুই মন্ত্র পাঠ করিয়া বিষ্ণুর উদ্দেশে উপ

ভ সমর্পণ করিবে।

রণ দিবসে কাংস্যপাত্রে ভোজন নিষে

ভোজন নিষেধ, মসূর ভোজন নিষেধ, ছোলা

ভোজন নিষেধ, কোদ্‌ধান্যের তণ্ডুল ভোজন নিষে

ধ, শাক ভোজন নি বধি

ক্ষৌর, পরান্ন ভোজন নিষেধ, মধুপান নিষেধ, সুরা-পাননিষেধ, কোন বস্তুতে লোভ করিবে না, মিথ্যা কথা কহিলে অধিক দোষ, মল্লশ্রম করিবে না, দিবসে শয়ন করিবে না, অঞ্জন ধারণ করিবে না, শিলা-পিষ্ট দ্রব্য ভোজননিষেধ, এবং স্ত্রীসঙ্গ নিষেধ।

একাদশীর উপবাসের পুর্ব্ব দিবসের এবং পর দিবসের যে সকল বিধি এবং নিষেধ উক্ত হইল তাহা করিতে অশক্ত হইলে একাদশীর উপবাস মাত্র করিলে ধর্ম্ম রক্ষা হইবে।

দ্বাদশী দিবসের বিষ্ণুপূজার প্রয়োগ।

উপবাসের পর দিবসে দ্বাদশী থাকিলে দ্বাদশীতে বিষ্ণুপূজা করিবে দ্বাদশী না থাকিলে ত্রয়োদশীতে বিষ্ণুপূজা করিবে। একাদশীর উপবাসে যে ব্যক্তির অধিকার আছে বিষ্ণুপূজাতে, সে ব্যক্তির অধিকার আছে।

শালগ্রামে কিম্বা জলে অথবা চন্দনদ্বারা তাম্র-পাত্রাদিতে অষ্টদলপদ্ম লিখিয়া তাহাতে পূজা

পারণ দিবসে বিষ্ণু পূজার প্রয়োগ।

শালগ্রামে কিম্বা জলে পূজা করিলে আবাহন করিবে না শূদ্রজাতির এবং স্ত্রীলোকের শালগ্রামে পূজা নিষেধ।

প্রথমতঃ করকচ্ছপিকাতে পুষ্প গ্রহণ করিয়া ধ্যান করিবে ধ্যানের মন্ত্র যথা।

> ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডল মধ্যবর্ত্তী নারায়ণঃ সর-
> সিজাসনঃ সন্নিবিষ্টঃ কেয়ূরবান্ কনককুণ্ডলবান্
> কিরীটীহারী হিরন্ময় বপুধৃত শঙ্খচক্রঃ।।

এই ধ্যানের মন্ত্র পাঠ করিয়া এবং ধ্যানের মন্ত্রের অর্থ চিন্তা করিয়া করকচ্ছপিকাধৃত পুষ্প নিজ মস্তোকপরি স্থাপন করিয়া আপনাকে বিষ্ণু স্বরূপ চিন্তা করিয়া অর্ঘ্য স্থাপন করিবে। যথা শঙ্খাদি পাত্র প্রক্ষালন করিয়া নিজ সম্মুখে কিঞ্চিৎ বামাংশে ত্রিকোণ রেখা তদ্বাহ্যে গোল রেখা তদ্বাহ্যে চতুষ্কোণ রেখা জলদ্বারা করিয়া তাহার উপরি শঙ্খাদি পাত্র স্থাপন করিয়া জল দ্বারা শঙ্খাদি পাত্রের ত্রিভাগ পূরণ করিবে

বেনমঃ। এই মন্ত্র অর্ঘ্যপাত্রের উপরি আটবার জপ করিবে। শূদ্রজাতি এবং স্ত্রীলোক নমো বিষ্ণবেনমঃ। এই মন্ত্র আটবার জপ করিবে। শূদ্রজাতি এবং স্ত্রীলোকের প্রণব উচ্চারণের অধিকার না। তাহার পরে অধোমুখ হস্তদ্বারা অর্ঘ্যপাত্রস্থ জল অভ্যুক্ষণ আপনার শরীরে এবং পূজার উপচার কল দ্রব্যে দিবে। তাহার পরে পূর্ব্বের মত কর ছপিকাতে পুষ্প ধারণ করিয়া ধ্যানের ম পাঠ করিয়া ধ্যানের মন্ত্রের অর্থ চিন্তা করিবে পরে করকছপিকাস্থিত পুষ্পেতে নিজ হৃদয়স্থি তেজোময় দেবতাকে সুষুম্নানাড়ী রূপ পথদ্বা ভাবনাদ্বারা আনয়ন করিয়া ঐ চৈতন্যরূপ দেব সহিত করকছপিকাস্থ পুষ্প পূজাধারে স্থাপ করিবে। চন্দন দ্বারা রচিত অষ্টদল পদ্মে পূ করিলে আবাহন করিবে।

যথা বিষ্ণো ইহাগচ্ছ ইহাগচ্ছ। ইহতিষ্ঠ। ইহ তিষ্ঠ। ইহ সন্নিধেহি। ইহ সন্নিরুধ্যস্ব। অত্রাধি ষ্ঠানং কুরু। মম পূজাং গৃহাণ।

এইমন্ত্র পাঠ পূর্ব্বক আবাহন্যাদি পঞ্চ মুদ্রা প্রদর্শ করিয়া পূজা করিবে। যদি ষোড়শোপচার দানে সমর্থ হয় প্রথমতঃ ইদং আসনং ওঁ বিষ্ণবেনমঃ

একাদশীর উপবাসের তত্ত্ব।

এই মন্ত্রদ্বারা দেবতার দক্ষিণহস্তে তেজঃস্ব
রূপ সমর্পণ করিবে। তাহার পরে অর্ঘ্যের শঙ্খ
ণ করিয়া তিনবার প্রদক্ষিণ করিয়া স্তব পাঠ
রিবে।

যথা।।—ধ্যেয়ং সদাপরিভবঘ্নমভীষ্ট দোহং
তীর্থাস্পদং শিব বিরিঞ্চি নুতং শরণ্যং ভৃত্যা-
র্তিহং প্রণতপাল ভবাব্ধি পোতং বন্দে মহা-
পুরুষতে চরণারবিন্দং। ত্যক্ত্বাসুদুস্ত্যজ সুরে-
প্সিত রাজ্যলক্ষ্মীং ধর্মিষ্ঠ আর্য বচসা যদগা-
দরণ্যং মায়ামৃগং দয়িতয়েপ্সিত মন্বধাবদ্বন্দে
মহাপুরুষতে চরণারবিন্দং।।

এইরূপ স্তব পাঠ করিবে। তাহার পরে অষ্টা
প্রণাম পঞ্চাঙ্গাদি প্রণাম বা করিবে। তাহার পরে
র্থনা করিবে।

মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন। যত্ত
পূজিতং ময়াদেব পরিপূর্ণং তদস্তুমে।।

চন্দন রচিত অষ্টদলপদ্মে পূজা করিলে বিষ্ণো
ক্ষমস্ব এই মন্ত্র দ্বারা

একাদশীর উপবাসের তত্ত্ব।

তে পূজা করিলে বিসর্জ্জন করিবে না। তা
বে সংহার মুদ্রা দ্বারা নির্ম্মাল্য পুষ্প গ্রহণ কা
আঘ্রাণ করিয়া।

তিষ্ঠ দেবপরং স্থানে স্বস্থানে পরমেশ্বর।
যত্র ব্রহ্মাদয়ঃ সর্ব্বে সুরাস্তিষ্ঠন্তি মে হৃদি॥

এই মন্ত্র পাঠ করিয়া ঐ পুষ্প হৃদয়ে
রিয়া ঐ পুষ্প সহিত তেজোময় দেবতাকে হৃ
াগত চিন্তা করিবে। সংহার মুদ্রা দ্বারা গৃহীত
শানদিগে ত্যাগ করিবে ঈশানকোণে চতুর
ত্র জল দ্বারা করিয়া তাহার উপরি ওঁ
োযনমঃ এই মন্ত্রদ্বারা নির্ম্মাল্য পুষ্প দি
য়া পূজা করিবে। তাহার পরে নির্ম্মাল্য
স্তকে ধারণ করিবে। নির্ম্মাল্য গন্ধ সর্ব্বাদি
পন করিবে। এবং ললাটে তিলক করি
াহার পরে পাদোদক পান করিবে।

পাদোদক গ্রহণ করিবার মন্ত্র।

কৃষ্ণ কৃষ্ণ মহাবাহো ভক্তানামার্ত্তিনাশন।
—— প্রযত্নতে॥

এই মন্ত্র দ্বারা পাদোদক গ্রহণ করিয়া বিষ্ণু নামোচ্চারণ পূর্ব্বক পাদোদক পান করিয়া।

ওঁ অকাল মৃত্যুহরণং সর্ব্ব ব্যাধি বিনাশনং।
বিষ্ণোঃ পাদোদকং পুণ্যং শিরসা ধারয়াম্যহং ॥

এই মন্ত্র পাঠ করিয়া অবশিষ্ট পাদোদক মস্তকে ধারণ করিবে। নৈবেদ্য কিঞ্চিৎ ভক্তজনকে দান করিয়া স্বয়ং শেষ নৈবেদ্য ভোজন করিবে।

নৈবেদ্য ভক্ষণের মন্ত্র।

যথা।—ওঁ উচ্ছিষ্ট ভোজনস্য বহুমুচ্ছিষ্ট
ভোজিনঃ। যেন পীতা বরাহেণ হিরণ্যাক্ষো
নিপাতিতঃ ॥

এই মন্ত্র দ্বারা নৈবেদ্য ভোজন করিয়া যথা ইচ্ছা বিহার করিবে ষোড়শোপচার দ্বারা পূজা করিতে অপারক হইলে দশোপচার দ্বারা পূজা করিবে। দশোপচারের ক্রম। পাদ্য অর্ঘ্য আচমনীয় মধুপর্ক আচমনীয় গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য। মধুপর্কের অভাবে স্নানীয় জল দান করিবে।

দশোপচার দ্বারা পূজাতে নৈবেদ্যের পর [illegible]
তীর্থজল আচমনীয় জল তাম্বূল আচমনীয় [illegible]
করিবে।

পাদ্য দানের পরে অর্ঘ্য দান অথবা অ[illegible]
নের পরে পাদ্য দান করিবে ইচ্ছারিক [illegible]
আছে অর্থাৎ উক্ত উভয় দানের মধ্যে অ[illegible]
দান করিতে ইচ্ছা হয় তাহাই দান করিবে

দশোপচার দ্বারা পূজা করিতে অপার[illegible]
পঞ্চোপচার দ্বারা পূজা করিবে। পঞ্চো[illegible]
ক্রম। গন্ধপুষ্প ধূপ দীপ নৈবেদ্য। প[illegible]
রের অভাবে গন্ধ পুষ্প দ্বারা পূজা করি[illegible]
পুষ্প অভাবে কেবল জল দ্বারা পূজা
অর্থাৎ ইদং জলং ওঁ বিষ্ণবেনমঃ। এই মা
নকল বর্ণে নমস্কার করিবে।

পূজার প্রকরণ সমাপ্তঃ।

একাদশীর উপবাসের প্রমাণ।

আগ্নেয়ে।—গৃহস্থো ব্রহ্মচারী চ আহিতা
ইথৈব চ। একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভ

অন্যার্থঃ।—গৃহস্থ-ব্রহ্মচারী আর সাগ্নিব্রাহ্মণ ইহারা উভয়পক্ষের একাদশীতে উপবাস করিবে।

ব্রহ্মপুরাণে।—আদিত্যেঽহনি সংক্রান্তা অসি-
তৈকাদশী দিনে। ব্যতিপাতে কৃতে শ্রাদ্ধে
পুত্রী নোপবসেদ্‌গৃহী॥

অস্যার্থঃ।— রবিবারনিমিত্তক উপবাস। সংক্রান্তি নিমিত্তক উপবাস। কৃষ্ণপক্ষের একাদশী নিমিত্ত ব্যতিপাত যোগ নিমিত্তক উপবাস। পিত্রাদি শ্রাদ্ধ করণ দিবসে একাদশী নিমিত্তক উপবাস। পুত্রবৎ গৃহস্থ করিবে না অর্থাৎ কিঞ্চিৎ অনুকল্প করিবে।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে।—শয়নী বোধনীমধ্যে যা কৃ-
ষ্ণৈকাদশী ভবেৎ। সৈবোপোষ্যা গৃহস্থেননান্যা-
কৃষ্ণা কদাচন।

অস্যার্থঃ।—হরিশয়নৈকাদশীর পরে উত্থানৈকাদশীর পূর্ব্বে যে সকল কৃষ্ণা-একাদশী হইবে তাহাতে পুত্রবৎ গৃহস্থের উপবাস নিষেধ নাই। অর্থাৎ ঐ সকল কৃষ্ণা-একাদশীতে পুত্রবৎ গৃহস্থ উপবাস করিবে।

অত কৃষ্ণৈকাদশীতে পুত্রবৎ গৃহস্থ উপবাস করিবে না।

নারদীয়ে।—নিত্যং ভক্তি সমাযুক্তৈর্নরৈ র্বিষ্ণু পরায়ণৈঃ। পক্ষে পক্ষেচ কর্ত্তব্যামেকাদশ্যামুপোষণং। স পুত্রশ্চ সভার্য্যশ্চ স্বজনৈর্ভক্তি সংযুতঃ॥

অস্যার্থঃ।—বৈষ্ণব ব্যক্তি সকল বিষ্ণু প্রতি ভক্তি যোগপূর্ব্বক উভয়পক্ষের একাদশীতে উপবাস করিবে এবং বৈষ্ণব ব্যক্তিদিগের পুত্র ও পত্নী এবং আত্মীয় জন উভয় পক্ষের একাদশীতে উপবাস করিবে। এ স্থলে পুত্রবদ্বৈষ্ণব গৃহস্থের সকল কৃষ্ণপক্ষীয় একাদশীতে উপবাস ব্যবস্থা হইল।

তত্ত্বসাগরে।—যথা শুক্লা তথা কৃষ্ণা যথা কৃষ্ণা তথেতরা তুল্যতে। মন্যতে যস্তু সবৈ বৈষ্ণব উচ্যতে॥

অস্যার্থঃ।—শুক্লা একাদশীতে এবং কৃষ্ণা-একাদশীতে যে ব্যক্তি সমান বোধ করে সে ব্যক্তিকে শাস্ত্রমতে বৈষ্ণব বলে।

মহাভারতে।—সায়মাদ্যন্তয়োরহ্নো সায়ং প্রাতশ্চ মধ্যমে। উপবাসফলং প্রেপ্সোর্বর্জ্যাং ভক্ত চতুষ্টয়ং॥

অস্যার্থঃ।—উপবাসের সম্পূর্ণ ফল কামনা করি-

দিবসে একবার মাত্র ভোজন করিবে। উপবাস দিবসে রাত্রি দিন ভোজন বর্জ্জন করিবে।

জৈমিনিবচনং।—তন্নিমিত্তোপবাসস্য নিষেধোহয় মুদাহৃতঃ। নানুসঙ্গ কৃতো গ্রাহ্যো যতো নিত্য মুপোষণং॥

অস্যার্থঃ।—রবিবারাদিতে যে উপবাস নিষেধ হইয়াছে তাহা রবিবারাদি নিমিত্তক উপবাস নিষেধ হইয়াছে নতুবা রবিবারাদিতে একাদশ্যাদি নিমিত্তক উপবাস নিষেধ নহে।

বিষ্ণুধর্ম্মোত্তরে।—শুক্র ভানু দিনোপাত্তা সূর্য্য সংক্রান্তি সংযুতা। একাদশী সদোপোষ্যা পুত্র পৌত্র বিবর্দ্ধিনী॥

অস্যার্থঃ।—শুক্রবারে রবিবারে এবং রবিসংক্রান্তি দিবসে একাদশীর উপবাস করিলে পুত্র পৌত্র বৃদ্ধি হয়।

সম্বর্ত্তবচনং।—অমাবস্যা দ্বাদশী চ সংক্রান্তিশ্চ বিশেষতঃ। এতাঃ প্রশস্তাস্তিথয়ো ভানু বারস্তথৈবচ॥

অস্যার্থঃ।—অমাবস্যাতে দ্বাদশীতে এবং রবি সংক্রান্তি দিবসে স্নান দান জপ হোম ব্রত

বরাহপুরাণে বিষ্ণু ধর্ম্মোত্তর কাত্যায়নাঃ।
উপবাসো যদা নিত্যঃ শ্রাদ্ধং নৈমিত্তকং ভবেৎ।
উপবাসং তদা কুর্য্যাদাঘ্রায় পিতৃ সেবিতং॥

অস্যার্থঃ।—যে দিবসে নিত্য উপবাস করিতে হইবে সে দিবসে যদি শ্রাদ্ধ করিতে হয়, শ্রাদ্ধ শেষ আঘ্রাণ করিয়া উপবাস করিবে অর্থাৎ শ্রাদ্ধ শেষ ভোজন না করাতে দোষ হইবে না।

রবিবারে হর্কসংক্রান্ত্যামেকাদশ্যাং সিতেতরে।
পারণঞ্চোপবাসঞ্চ ন কুর্য্যাত পুত্রবান্ গৃহী॥

অস্যার্থঃ।—রবিবারের নিমিত্তক উপবাস রবিসংক্রান্তির উপবাস কৃষ্ণপক্ষীয় একাদশীর উপবাস শনি বারের উপবাসের পারণ এবং রবিসংক্রান্তির পূর্ব্ব-দিবসের উপবাসের পারণ এ সকল কর্ম্ম পুত্রবং গৃহস্থ করিবে না।

কাত্যায়নবচনং।—বিধবা ভবেন্নারী ভুঞ্জীতৈকাদশী দিনে। তস্যাস্তু সুকৃতং নশ্যেদ ভ্রূণহত্যাদিনে দিনে॥

অস্যার্থঃ।—যে স্ত্রীলোক বিধবা হইয়া একাদশীর উপবাস দিবসে ভোজন করে তাহার গর্ভজাতের পাপ হয়।

স্মৃতিঃ।—অষ্টাদশাধিকোমর্ত্ত্যোহ পূর্ণাশীতি-

[illegible]ক্রমাৎ [illegible] স পাপভাক্ ॥

অস্যার্থঃ।—যে ব্যক্তির বয়ঃক্রম আটবৎসর গত হইয়াছে এবং আশী বৎসর সমাপন হয় নাই সে ব্যক্তি উপবাস না করিলে পাপ হইবে।

ভবিষ্যপুরাণে।—নিত্যমেতদ্রুতং নাম কর্ত্তব্যং সার্ব্ববার্ষিকং। সর্ব্বাশ্রমাণাং সামান্যং সর্ব্বধর্ম্ম-মুমুত্তমং। একাদশ্যাং নভুঞ্জীত পক্ষয়োরুভ-য়োরপি ॥

অস্যার্থঃ।—একাদশীর উপবাস ব্রত নিত্য অ-র্থাৎ উপবাস না করিলে পাপহইবে। ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এবং অন্ত্যজ জাতি পর্য্যন্ত সকলের একাদশীর উপবাসে অধিকার। এবং গৃহস্থ ব্রহ্ম-চারী যতি পরমহংস, সকলাশ্রমির অধিকার। একা-দশীর উপবাস ব্রত সকল ধর্ম্মের মধ্যে উত্তম ধর্ম্ম, অতএব উভয়পক্ষের একাদশীতে ভোজন করিবে না অর্থাৎ উপবাস করিবে।

[illegible]।—পূর্ণাপ্যেকাদশী ত্যাজ্যা দ্বিতীয়ং [illegible] যদি। দ্বাদশ্যাং পারণালাভে পূর্ব্বের পরিবৃজতে ॥

অস্যার্থঃ।—সূর্য্যোদয়ের পূর্ব্বে দুই মুহূর্ত্তকাল [illegible] হইয়া থাকে যদি একাদশী উভয় দিবস ব্যাপ্তা

বসা। তত্রোত্তরাং যতিঃকুর্য্যাৎ পূর্ব্বামুপবসেদ্‌গৃহী ॥

অস্যার্থঃ।—সূর্য্যোদয়ের পূর্ব্বে দুই মুহূর্ত্তকাল প্রাপ্তা হইয়া পরে যদি একাদশী উভয় দিবস প্রাপ্তা হয় দণ্ডী পরমহংস নৈষ্ঠিক ব্রহ্মচারী এবং বিধবা পরদিবসের একাদশীতে উপবাস করিবে। গৃহস্থাশ্রমী পূর্ব্বদিবসের একাদশীতে উপবাস করিবে; দ্বাদশী উভয়-দিবস প্রাপ্তা হইলে গৃহস্থ এবং দণ্ডী প্রভৃতি সকলে পরদিবসের একাদশীতে উপবাস করিবে।

কৌর্ম্মে।—একাদশী প্রবৃদ্ধাচেৎ শুক্লে কৃষ্ণে বিশেষতঃ; উত্তরান্তু যতিংকুর্য্যাৎ পূর্ব্বামুপবসেদ্‌গৃহী ॥

অস্যার্থঃ।—শুক্লপক্ষে কিম্বা কৃষ্ণপক্ষে সূর্য্যোদয়ের পূর্ব্বে দুই মুহূর্ত্তকাল প্রাপ্তা হইয়া পরে যদি একাদশী উভয় দিবস প্রাপ্তা হয় এবং দ্বাদশী উভয় দিবস প্রাপ্তা না হয় দণ্ডী পরমহংস নৈষ্ঠিক ব্রহ্মচারী এবং বিধবা পর-দিবসের একাদশীতে উপবাস করিবে। গৃহস্থাশ্রমী পূর্ব্বদিবসের একাদশীতে উপবাস করিবে।

গারুড়ে।—পুনঃ প্রভাতসময়ে ঘটিকৈকা যদা ভবেৎ। তত্রোপবাসো বিহিতো বনস্থন্যাসতে তথা। বিধবায়াশ্চ তত্রৈব পরতোদ্বাদশী নচেৎ॥

অস্যার্থঃ।—সূর্য্যোদয়ের পূর্ব্বে দুই মুহূর্ত্তকা প্রাপ্তা হইয়া পরে যদি একাদশী উভয়দিবস প্রাপ্ত হয় দ্বাদশী উভয়দিবস প্রাপ্তা না হয় দণ্ডী পরমহং নৈষ্ঠিক ব্রহ্মচারী এবং বিধবা পরদিবসের এক দশীতে উপবাস করিবে।

স্মৃতিঃ।—একাদশী দ্বাদশীমিশ্রা পরতোহপি নবর্দ্ধতে। গৃহিভির্যতিভিশ্চৈব সৈবোপাস্যা সদাতিথিঃ॥

অস্যার্থঃ।— সূর্য্যোদয়ের পরে একাদশী হই তৎপর- দিবসে যদি একাদশী থাকে গৃহস্থাশ্র এবং বিধবা দণ্ডী প্রভৃতি সকলে পর-দিবসে একাদশীতে উপবাস করিবে।

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী। তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণং॥

পূর্ব্বা বিদ্ধিপ্রাং বাসিকুর্বীত ন দশমী

যুতাকচিং॥

অস্যার্থঃ।—কোন একাদশীর উপবাস কেবল একাদশীতে হইবে কোন একাদশীর উপবাস দ্বাদশীতে হইবে কোন একাদশীর উপবাস একাদশী দ্বাদশী উভয়যুক্ত দিবসে হইবে সূর্য্যোদয়ের পরে কিঞ্চিৎ দশমী থাকিয়া পরে একাদশী হইলে সে দিবসে দশমীযুক্তা একাদশীতে উপবাস কদাচিৎ হইবে না। এসকলস্থল পূর্ব্ব২ বচন ব্যাখ্যাতে এবং ব্যবস্থাতে সুস্পষ্ট আছে।

> সূর্য্যোদয়াত্তে সংযুক্তাং মালাভেহপি প্রবেশিনীং। উপোষ্য দ্বাদশীং তত্র ত্রয়োদশ্যাস্তু পারণং॥

অস্যার্থঃ।—সূর্য্যোদয়ের পূর্ব্বে একাদশী হইয়া পরে যদি একাদশী উভয়দিবস প্রাপ্তা হয় দ্বাদশী উভয়দিবস প্রাপ্তা না হয় পূর্ব্বদিবসে একাদশীতে উপবাস করিবে। কিন্তু সূর্য্যোদয়ের পরে একাদশী হইয়া এক দিবস মাত্র একাদশী হয় সে একাদশী [illegible] পরদিবসে উপবাস করিবে। যদি

একাদশী উভয় দিবস প্রাপ্তা হয় দ্বাদশী উভয় দিবস প্রাপ্তা না হয় তথাপি পর-দিবসের একাদশীতে উপবাস করিবে। সূর্য্যোদয়ের পরে একাদশী হইলে তদ্দিবসের একাদশীর নাম প্রবেশিনী প্রবেশিনী একাদশীতে উপবাস কদাচিৎ করিবে না। প্রবেশিনী একাদশী পরিত্যাগ করিয়া তৎপর দিবসে দ্বাদশীতে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে।

উদয়াৎ প্রাগ্দশম্যাস্তু শেষঃ সংযোগ ইষ্যতে।
উপরিষ্টাৎ প্রবেশস্তু তস্মাত্তাং পরিব-
র্জ্জয়েৎ॥

অস্যার্থঃ।—সূর্য্যোদয়ের পূর্ব্বে দুই মুহূর্ত্তের ন্যূনকাল মধ্যে যদি দশমীর শেষ হয় ঐ দশমীর শেষের নাম সংযোগ ঐ সংযোগ মিলিতা একাদশী সংযুক্তা একাদশী। সূর্য্যোদয়ের পরে দশমীর শেষ হইলে তাহার নাম প্রবেশ ঐ প্রবেশ মিলিতা একাদশী প্রবেশিনী। দ্বাদশীতে পারণ সম্ভব হইলে সংযুক্তা একাদশীতে উপবাস করিবে না। কিন্তু দ্বাদশীতে পারণ হয়, কিম্বা না হয়, প্রবেশিনী একাদশীতে উপবাস কদাচিৎ করিবে না। প্রবেশিনী একাদশীর পর-দিবসে উপ[illegible] করিবে।

যদামুনে। উপাষ্যা দশমী বিদ্ধা সর্ব্বৈরেকাদশীত্তদেতি ॥ ২ ॥

নারদীয়পুরাণে।—ত্রয়োদশ্যাং যদানন্দা দ্বাদশী ঘটিকদ্বয়ং। দশম্যৈকাদশী বিদ্ধা সৈবোপাষ্যা সদাতিথিঃ ॥ ৩ ॥

এষামর্থঃ।—সূর্য্যোদয়কালে একাদশী হইয়া পরে যদি উভয় দিবস প্রাপ্তা হয়। দ্বাদশী উভয় দিবস প্রাপ্তা না হয় এবং অরুণোদয় কালে একাদশী হইয়া পরে যদি উভয় দিবস প্রাপ্তা হয়। দ্বাদশী উভয় দিবস প্রাপ্তা না হয় উক্ত স্থলদ্বয়ে পূর্ব্ব দিবসের একাদশীতে উপবাস করিয়া পরদিবসে দ্বাদশীর প্রথম পাদ অতীত হইলে পারণ করিবে। উক্ত স্থলদ্বয়ে বৈষ্ণবের বিশেষ এই যে পরদিবসের একাদশীতে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে। উক্ত দ্বিতীয় বচনে মুহূর্ত্ত দ্বারা এবং উক্ত তৃতীয় বচনে ঘটিকাদ্বয় শব্দ দ্বারা পারণযোগ্য কালবোধ হইতেছে ইহার অনুবাদ পর-বচনে হইবে।

শ্রীধরস্বামিধৃতবচনং।—কলার্দ্ধাং দ্বাদশীং দৃষ্ট্বা নিশীথাদূর্দ্ধমেবহি। আমধ্যাহ্নাঃ ক্রিয়াঃ সর্ব্বাঃ কর্ত্তব্যাঃ শম্ভুশাসনাৎ ॥

অস্যার্থঃ।—একাদশীর উপবাসের পারণ দি-
দ্বাদশী কলার্দ্ধ মাত্র থাকিলে অর্থাৎ পারণ
কাল দ্বাদশী থাকিলে উপবাস দিবসে
শেষে নিত্যকর্ম্ম সমাপন করিয়া দ্বাদশী
পারণ করিবে। উক্ত বচনস্থ কলার্দ্ধ শব্দদ্বারা
পল বোধ হইতেছে। অর্থাৎ পারণ দিবসে
কাল দ্বাদশী থাকিলে রাত্রি চারিদণ্ড থা-
নিত্যকর্ম্ম করিয়া দ্বাদশী মধ্যে পারণ
।

—উদয়াৎপরি বিদ্ধাতু দশম্যাকাদশী-
দি। দানবেভ্যঃ প্রীণনার্থং দত্তবান্ পাকশা-
নঃ ॥

স্যার্থঃ।—সূর্য্যোদয়ের পরে দশমীর শে
য দিবসে একাদশী হইবে সে দিবসে এক
উপবাস করিবে না। পর-দিবসে উপবা
। যেহেতুক সূর্য্যোদয়ের পরে দশমী শে
য একাদশী হয় সে একাদশী অসুরগণকে
য়াছেন।

যিতা তস্যাঃ পুত্রশতং নষ্টং তস্মাত্তাং পরি-
বর্জ্জয়েৎ ॥

অস্যার্থঃ।—সূর্য্যোদয়ের পরে দশমী
হয়া যে একাদশী হইয়াছিল তাদৃশ একাদশ
ন্ধারী উপবাস করিয়াছিলেন সেই দোষে
ধারীর একশত পুত্র নষ্ট হয়। অতএব সূ
য়ের পরে দশমীর শেষ হইয়া যে একাদশী
একাদশীতে উপবাস করিবে না। পর-দি
বাস করিবে।

ং কারয়িত্বি বুদ্ধিত্বি দশম্যৈকাদশীং হতাং।
আলোক্য তন্মুখং ব্রহ্মন্ সূর্য্য দর্শন মাচরেৎ ॥

অস্যার্থঃ।—সূর্য্যোদয়ের পরে দশমীর
যে একাদশী হয় সে একাদশী দিবসে
করিবে না। তাহাতে যে ব্যক্তি উপ
করে তাহার মুখদর্শন করিলে যে পাপ হ
দর্শনে সে পাপ ক্ষয় হয়। অতএব সে এক
শীর পর-দিবসে উপবাস করিবে।

ত্রিস্পৃশা দশমী বিদ্ধা কার্য্যানৈকাদশী তি-

খিংহন্তি পুত্রাংশ্চ পৌত্রাংশ্চ পুণ্যং বর্ষশতো-

অস্যার্থঃ ,—সূর্য্যোদয়ের পরে দশমীর শেষ হইয়া একাদশী হইয়া রাত্রিশেষে দ্বাদশী হয় এতাদৃশ তিথিত্রয় স্পর্শ দিবসে দশমীযুক্ত একাদশীতে উপবাস করিলে পুত্র পৌত্র বিনাশ হয় এবং পূর্ব্বকৃত একশত বর্ষের পুণ্য বিনাশ হয়।

একাদশীং দশাযুক্তাং বর্দ্ধমানে বিবর্জ্জয়েৎ।
শুক্লেহ্যান্যে হিতে সোমে লংঘয়েদ্দশমীযুতাং॥

অস্যার্থঃ।—অরুণোদয় কালে দশমীর শেষ হইয়া যে একাদশী হয় সে একাদশী উভয় দিন প্রাপ্তা হইলে শুক্লপক্ষে তাদৃশ একাদশীতে পূর্ব্ব দিবসে বৈষ্ণবে উপবাস করিবে না। পর-দিবসে একাদশীতে উপবাস করিয়া তৎপরদিবসে ত্রয়োদশীতে পারণ করিবে।

স্কন্দপুরাণে।—উদয়াত প্রাকচতস্রস্তু নাড়িকা
অরুণোদয়। তত্রস্নানং প্রশস্তং স্যাৎস্থিপূর্ণা

অস্যার্থঃ।—সূর্য্যোদয়ের পূর্ব্বে ৪ চারিদণ্ড-কাল অরুণোদয় কাল বলিয়া শাস্ত্রে কথিত হই-য়াছে। ঐ অরুণোদয়কালে স্নান প্রশস্ত যেহেতুক অতিশয়-পুণ্যজনক হয়।

ভবিষ্যোত্তর পদ্মপুরাণয়োঃ।—একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি। সূতকে মৃতকে বাপি অস্মিন্ বা পাপশৌচকে। সর্ব্বথা ন পরি-ত্যাজ্যমিচ্ছন্ শ্রেয় আত্মনঃ।

অস্যার্থঃ।—শুক্ল কৃষ্ণ উভয়পক্ষের একাদ-শীতে ভোজন করিবে না। অর্থাৎ উপবাস করিবে জননাশৌচে মরণাশৌচে এবং ক্ষতাশৌচে উপবা-স ত্যাগ করিবে না। অর্থাৎ অশৌচে একাদ-শীর উপবাসে অধিকার আছে।

পুনশ্চঃ।—একাদশ্যাং ন ভুঞ্জীত নারী দৃষ্টে রজস্যপি।

অস্যার্থঃ।—বিধবা ঋতুমতী হইলেও একাদ-শীর উপবাস করিবে।

নারদীয়ে।—অনুকল্পোহ্নুণাং প্রোক্তঃ ক্ষীণা-
নাং বরবর্ণিনি।

অস্যার্থঃ।—মহাদেব ভগবতীর প্রতি কহিতে
ছেন হে শ্রেষ্ঠে! উপবাসে অসমর্থ হইলে অনুকল্প
করিবে। উপবাস করিলে যে ব্যক্তির অতিশয়
কৃশ হয় তাহাকে অসমর্থ বলা যায়।

বায়ুপুরাণে।—উপবাস নিষেধেতু কিঞ্চিদ্ভ
ক্ষং প্রকল্পয়েৎ। নদুষ্যে দুপবাসেন উপবাস
ফলং লভেৎ॥

অস্যার্থঃ।—হরি-শয়ন মধ্যগাতি ভিন্ন কৃষ্ণ
পক্ষের একাদশীতে পুত্রবান্ গৃহস্থের উপবাস নিষেধ
আছে। যে ব্যক্তির সে একাদশীতে উপবাস নিষেধ
থাকিবে সে ব্যক্তি শাস্ত্রবিহিত অনুকল্প করিবে
তাহাতে উপবাসের ফল প্রাপ্ত হইবে।

নারদীয়ং।—মূলং ফলং পয়স্তোয় মুপভোগ্যং
ভবেন্নৃভং। নত্বেবং ভোজনং কৈশ্চিদেকাদশ্যাং

[illegible]

ত্র পনসপ্রভৃতি ফল দুগ্ধ এবং জল এই সকল ত্রর মধ্যে যে বস্তু হয় কিঞ্চিৎ ভোজন করিবে। স্ত্রবিহিত অনুকল্প দ্রব্য ভিন্ন ভোজন করিবে না।

বায়ুপুরাণে।—নক্তংহবিষ্যান্নমনোদনং বা ফলং তিলাঃক্ষীরমথাম্বু চাজ্যং। যৎপঞ্চগব্যং যদি বাথবায়ুঃ প্রশস্তমত্রোত্তর মুত্তরঞ্চ॥

অন্বয়ার্থঃ।—রাত্রিকালে হবিষ্য দ্রব্য ভোজন াত্র অথবা অন্ন ভিন্ন ভোজন মাত্র অর্থাৎ ভাত ন্ন ভোজন মাত্র কিম্বা রাত্রিকালে ফলমাত্র ভো- ন অথবা রাত্রিকালে তিলমাত্র ভোজন কিম্বা ত্রিকালে দুগ্ধ মাত্র পান অথবা রাত্রিকালে জল ত্র পান কিম্বা রাত্রিকালে ঘৃত মাত্র ভোজন বা রাত্রিকালে পঞ্চগব্য মাত্র ভক্ষণ কিম্বা রাত্রি- লে বায়ু মাত্রে ভক্ষণ অর্থাৎ, উষ্ণদুগ্ধের বাষ্প াত্র ভক্ষণ করিবে। এস্থলে যে নব ৯ প্রকার অনু- ল্প কথিত হইল ইহাতে পর পর কল্প শ্রেষ্ঠ র্থাৎ হবিষ্য মাত্র ভোজনাপেক্ষা অন্নভিন্ন মাত্র ভোজন শ্রেষ্ঠ অন্নভিন্ন মাত্র ভোজনাপেক্ষা ফল- মাত্র ভোজন শ্রেষ্ঠ এই প্রকার উত্তরোত্তর কল্প শ্রেষ্ঠ। এই নয় প্রকার অনুকল্পের মধ্যে যে প্রকার

স্মৃতিঃ।—হৈমন্তিকং সিতাসিন্নং ধান্যং মুদ্গা-স্তিলাযবাঃ। কলায় কঙ্গুনীবারা বাস্তুকং হিল-মোচিকা। ষষ্টিকা কালশাকঞ্চ মূলকং কেমুকে-তরং। লবণে সৈন্ধব সামুদ্রে গব্যে চ দধি সর্পিষী। পয়োহনুদ্ধৃত সারঞ্চ পনসাম্র হরীতকী। তিন্তি-ড়ী জীরকঞ্চৈব নাগরঙ্গ নপিপ্পলী। কদলী লবলী ধাত্রী ফলান্যগুড়মৈক্ষবং। অতৈলপক্কং মুনয়ো হবিষ্যান্নং বিদুর্বুধাঃ॥

অস্যার্থঃ।—হৈমন্তিক শুক্ল ধান্যের আতপ-তণ্ডুল মুগ তিল যব খুদে কাঁউনি নামক ধান্য উড়িধান্য, বেতোশাক, হিঞ্চেশাক, সাটিয়া নাম-ধান্য, দেশান্তরে প্রসিদ্ধ কালশাক আলু মূলা প্রভৃতি মূল দ্রব্যের মধ্যে কেউ নিষেধ সৈন্ধব লবণ করকচ লবণ গব্য দধি গব্য ঘৃত যে দুগ্ধের সার তোলেনাই এতাদৃশ গব্য দুগ্ধ কাঁটাল আম্র হরীতকী, তেতুল, জিরে নারাঙ্গিলেবু পিপুল মর্ত্ত-মান ভিন্ন রম্ভা, নোড় আমলকী ইক্ষুর চিনি এই সকল বস্তু হবিষ্য হইতেছে ইক্ষুরগুড় নিষেধ তৈল-পক্ক নিষেধ।

অগস্ত্য সংহিতায়াং।—নারিকেলফলঞ্চৈব কদ-লীং লবনীন্তথা। আম্র মামলকঞ্চৈব পনসঞ্চ হরী-

তকীং, ব্রতান্তর প্রশস্তঞ্চ হবিষ্যং মন্যতে বুধাঃ॥

অস্যার্থঃ।—নারিকেল ফল, বর্দ্ধমানভিন্ন রম্ভা, নোড়, আম্র, আমলকী, কাঁঠাল, হরীতকী। এবং ব্রতান্তরে কথিত হৈমন্তিক ধান্যাদি হবিষ্য বলিয়া কথিত হইতেছে।

মনুগৃহ্যপরিশিষ্টে।—প্রভুঃপ্রথমকল্পস্য যোহনুকল্পেন প্রবর্ত্ততে। ন সাম্পরায়িকং তস্য দুর্ম্মতে র্বিদ্যতেফলং॥

অস্যার্থঃ।—প্রথমকল্পে সমর্থ হইয়া যে ব্যক্তি অনুকল্প করে সে ব্যক্তির কর্ম্মফল হয় না। অর্থাৎ একাদশীর উপবাসে সমর্থ হইয়া অনুকল্প করিবে না এবং এই প্রকার অন্য কোন বিহিত কর্ম্মে প্রথম কল্পে সমর্থ হইয়া অনুকল্প করিবে না।

মার্কণ্ডেয় বচনং।—এক ভক্তেন নক্তেন তথৈবাচিতেনচ উপবাসেন দানেন নৈবাদ্বাদশী-কোভবেৎ॥

অস্যার্থঃ।—একাদশীর উপবাস করিলে অথব

অনুকল্প করিলে অর্থাৎ অসমর্থ হইলে দিবারাত্র ভোজন করিলে কিম্বা রাত্রিকালে মাত্র ভোজন করিলে অথবা অযাচিত বস্তু ভোজন কিম্বা নিজ করিলে ভোজন যোগ্য বস্তুর দ্বিগুণ বস্তুর মূল্য ব্রাহ্মণকে দান করিলে দ্বাদশী মধ্যে পারণ অবশ্য কর্ত্তব্য হইতেছে।

ব্রহ্মবৈবর্ত্তে।—উপবাসাসমর্থশ্চেদেকং বিপ্রং ভোজয়েৎ। তাবদ্ধনানিবা দদ্যাদ্যদ্ভক্তং দ্বিগুণং ভবেৎ॥

অস্যার্থঃ।—উপবাসে অসমর্থ হইলে একজন ব্রাহ্মণকে ভোজন করাইবে অথবা নিজভোজন যোগ্য বস্তুর দ্বিগুণ মূল্য ব্রাহ্মণকে দান করিবে।

সহস্রসম্মিতাং দেবীং জপেদ্বা প্রাণসংযমান্।
কুর্য্যাদ্ দ্বাদশ সংখ্যাতান্ যথাশক্তি ব্রতেনরঃ॥

অস্যার্থঃ।—উপবাসে অসমর্থ হইলে সহস্র-বার গায়ত্রী জপ অথবা বৈদিক প্রাণায়াম মন্ত্র দ্বারা দ্বাদশবার প্রাণায়াম ইহার যাহাতে সমর্থ হয় করিলে উপবাস সিদ্ধ হইবে।

দিবসে কাংস্যপাত্রে ভোজন মাংসভোজন মসূর ভোজন ছোলা ভোজন কোদ্রধান্যের তণ্ডুল ভোজন করিবে না। এবং শাক ভোজন করিবে না মধুপান করিবে না।

স্মৃতিঃ।—শাকং মাংসং মসূরঞ্চ পুনর্ভোজন মৈথুনং। দ্যূতমত্যম্বুপানঞ্চ দশম্যাং বৈষ্ণবস্ত্যজেৎ॥

অস্যার্থঃ।—উপবাসের পূর্ব্বদিবসে শাক ভোজন করিবে না। এবং মাংসভোজন মসূর ভোজন পুনর্ব্বার ভোজন করিবে না। স্ত্রীসঙ্গ করিবে না। অক্ষক্রীড়াদি করিবে না; অতিশয় জলপান করিবে না।

স্মৃতিঃ।—প্রাতঃসন্ধ্যাং ততঃ কৃত্বা সঙ্কল্পং সমাচরেৎ॥

অস্যার্থঃ।—প্রাতঃসন্ধ্যা করিয়া উপবাসের সঙ্কল্প করিবে। শূদ্রাদি ব্যক্তি তান্ত্রিক প্রাতঃসন্ধ্যা করিয়া সঙ্কল্প করিবে। দীক্ষিত না হইলে সন্ধ্যা-ব্যতিরেকে সঙ্কল্প করিবে।

বারাহে।—গৃহীত্বৌডুম্বরং পাত্রং বারিপূর্ণমুদ-

ঙ্মুখঃ। উপবাসন্তু গৃহ্ণীয়াৎ যদ্বা বার্য্যেব ধারয়েৎ। একাদশ্যাং নিরাহারো ভূত্বাহমপরেহহনি। ভোক্ষ্যেহহং পুণ্ডরীকাক্ষ শরণং মে ভবাচ্যুত॥

অস্যার্থঃ।—উপবাসের সঙ্কল্পকালে যজ্ঞডুমুরের কাষ্ঠ রচিত পাত্র জলপূর্ণ করিয়া তাহাতে গন্ধ তুলসী ফলাদি দিয়া ঐ পাত্র অঞ্জলিতে ধারণ করিয়া উত্তর মুখ হইয়া সঙ্কল্প বাক্য পাঠপূর্ব্বক উপবাস ব্রত গ্রহণ করিবে। একাদশীতে উপবাস করিয়া পারণ দিবসে ভোক্ষ্যেহহং পুণ্ডরীকাক্ষ শরণং মেহচ্যুত এইমন্ত্র পাঠ করিবে। উক্ত কাষ্ঠ রচিত পাত্রে করিতে অসমর্থ হইলে অঞ্জলিতে জল ধারণ করিয়া সঙ্কল্প করিবে। তাম্রপাত্র দ্বারা জল ধারণ করিয়া সঙ্কল্প করা শাস্ত্রান্তরে কথিত হইয়াছে।

স্কান্দে।—উপবাসাঙ্গ সঙ্কল্পং মন্ত্রপূতং জলং পিবেৎ॥

উপর তিনবার জপ করিয়া ঐ জল কিঞ্চিৎ পান করিবে।

কাত্যায়নঃ।—অষ্টাক্ষরেণ মন্ত্রেণ ত্রিজপ্তেনা-
ভিমন্ত্রিতং। উপবাসে ফলং প্রেপ্সুঃ পিবেৎ
পাত্রগতং জলং॥

অস্যার্থঃ।—কোন পাত্রস্থ জলের উপর ওঁ নমো নারায়ণায় এই মন্ত্র তিনবার জপ করিয়া ঐ পাত্রস্থ জল কিঞ্চিৎ পান করিবে। আচমনের জল পানের মত দোষ হইবে না।

ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব। নির্বিঘ্নং
সিদ্ধিমাপ্নোতু ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন॥

অস্যার্থঃ।—এই একাদশীর উপবাস ব্রত মৎ-কর্ত্তৃক তোমার সম্মুখে গৃহীত হইল নির্বিঘ্নে তোমার প্রসাদ হেতুক সমাপ্তি হউক। উক্ত মন্ত্র পাঠ করিবে।

ব্রহ্মপুরাণং।—একাদশ্যামুভেপক্ষে নিরাহার
সমাহিতঃ। সম্পূজ্যবিধিবদ্বিষ্ণুং শ্রদ্ধয়া সুস-

পরে এইরূপ নিবেদন বিষ্ণু সান্নিধানে করিয়া
দিবসে পারণ করিবে, উক্ত বচন মন্ত্র স্বরূপ
করিবে।

বিষ্ণুধর্মোত্তরে।—দ্বাদশ্যাঃ প্রথমঃ পাদো
হরিবাসর সংজ্ঞকঃ। তমতিক্রম্য কুর্বিত পারণং
বিষ্ণুতৎপরঃ॥

অস্যার্থঃ।—দ্বাদশীর প্রথম পাদ অর্থাৎ চারি
র প্রথম ভাগ হরিবাসর নামক হইতেছে
সে পাদ অতীত হইলে বিষ্ণুভক্তি তৎপর
পারণ করিবে। অর্থাৎ প্রথম পাদ মধ্যে
করিবে না।

স্মৃতিঃ।—কলার্দ্ধাং দ্বাদশীং দৃষ্টা নিশীথাদূ-
র্দ্ধমেবহি। আমধ্যাহ্নাঃ ক্রিয়াঃ সর্ব্বাঃ কর্ত্তব্যাঃ
শম্ভুশাসনাৎ॥

অস্যার্থঃ।—একাদশীরউপবাসের পারণদিবসে
দ্বাদশী কলার্দ্ধ থাকে অর্থাৎ দশপল থাকে

একাদশীর উপবাসের তত্ত্ব।

উপবাসের দিবসে রাত্রি দেড় প্রহরের পরে পর-দিবসের নিত্যকর্ম্ম সম্পন্ন করিয়া ঐ দ্বাদশীর মধ্যে পারণ করিবে।

কাত্যায়নঃ।—সন্ধ্যাদিকং ভবেন্নিত্যাং পারণন্তু নিমিত্ততঃ অদ্‌ভিস্তু পারয়িত্বাতু নৈত্যিকাদ্যং ভুক্তিক্রিয়া।।

অস্যার্থঃ।—একাদশীর উপবাস দিবসের রা দেড় প্রহরের পরে যদি পরদিবসের নিত্যকর্ম্ম করিতে অপারক হয়। অল্পকাল দ্বাদশী থাকিলে কিঞ্চিৎ জলদ্বারা দ্বাদশী মধ্যে পারণ করিয়া পরে নিত্যকর্ম্ম করিবে। তাহাতে দোষ হইবে না।

ব্রহ্মাণ্ড পুরাণং।—কাংস্যং মাংসং সুরাং ক্ষৌদ্রং লোভং বিতথভাষণং। ব্যায়ামঞ্চ ব্যবায়ঞ্চ দিবাস্বপ্নং তথাঞ্জনং। শিলাপিষ্টং মসূরাংশ্চ দ্বাদশৈতানি বৈষ্ণবঃ। দ্বাদশ্যাং বর্জ্জয়েন্নিত্যং সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।।

অস্যার্থঃ।—একাদশীর উপবাসের [illegible] দিবসে কাংস্যপাত্রে [illegible]

একাদশীর উপবাসের তত্ত্ব।

ভোজন, সুরাপান, মধুপান, করিবে না। কোন বস্তুতে লোভ করিবে না মিথ্যাকথা কহিবে না। মল্লশ্রম করিবে না। স্ত্রীসঙ্গ করিবে না। দিবা শয়ন করিবে না। অঞ্জন ধারণ করিবে না। শিলাতে পেষিত বস্তু ভোজন করিবে না। মসুর ভোজন করিবে না। এই সকল শাস্ত্রমত পালন করিলে সকল পাপ হইতে মুক্ত হয়।

একাদশীর উপবাস ব্রত প্রকরণ সমাপ্ত।